



## জেলাপরিষদ ব্রাহ্মণবাড়িয়া

ফোন : ০৮৫১-৫৮৮০০, ফ্যাক্স : ০৮৫১-৫৭৫৬৬

Web : <http://zp.brahmanbaria.gov.bd>, email- [ceo.zp.brahmanbaria@lgd.gov.bd](mailto:ceo.zp.brahmanbaria@lgd.gov.bd), [zpb.baria@gmail.com](mailto:zpb.baria@gmail.com)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৪২.১২০০.০০১.৭১.১২০.২৩.৩২৮(১৬২)

তারিখঃ ১৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০২ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

আমরা শোকাহত

### শোকবার্তা

অত্যন্ত দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলাপরিষদের সম্মানিত চেয়ারম্যান (সমাজসেবায় সর্বোচ্চ রাষ্ট্রীয় “মানবকল্যাণ পদক” প্রাপ্ত), যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা জনাব আল-মামুন সরকার অদ্য ০২ অক্টোবর ২০২৩ তারিখ রোজ সোমবার সকাল ৮:৩০ ঘটিকায় তাঁর নিজ বাস ভবনে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৬ বছর। তিনি ০১ স্ত্রী ও ০১ পুত্রসহ অসংখ্য আপনজন এবং শুভানুধ্যায়ী রেখে গেছেন। তিনি জেলাপরিষদের চেয়ারম্যান পদের পাশাপাশি ব্রাহ্মণবাড়িয়া জেলা আওয়ামীলীগ এর সাধারণ সম্পাদক, রেড ক্রিসেন্ট সোসাইটির সভাপতি এবং বিভিন্ন সামাজিক সংগঠনের সাথে সম্পৃক্ত ছিলেন। তাছাড়া তিনি সুনামের সাথে ব্রাহ্মণবাড়িয়া পৌরসভার মেয়র পদেও দায়িত্ব পালন করেছেন। তিনি জেলাপরিষদের চেয়ারম্যান নিয়োজিত হওয়ার পর সমগ্র জেলায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছেন এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের যুদ্ধস্থল, শহীদ সমাধি, গণকবর ও বধ্যভূমি সংরক্ষণসহ মুক্তিযুদ্ধের সংগঠক ও খেতাব প্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতিস্তম্ভ এবং বিভিন্ন সড়কের সড়ক দ্বীপে মুক্তিযুদ্ধের স্মৃতি চত্বর স্থাপনে প্রকল্প গ্রহণ করে গেছেন।

তাঁর এই মৃত্যুতে জেলাপরিষদের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ ও সম্মানিত সদস্যবৃন্দ গভীরভাবে শোকাহত এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মহান আল্লাহ রাব্বুল আলামিন তাঁকে জান্নাতবাসী করুন, আমিন।

এম. এম. মাহমুদুর রহমান  
প্রধান নির্বাহী কর্মকর্তা(উপসচিব)  
জেলাপরিষদ, ব্রাহ্মণবাড়িয়া

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৫। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। চেয়ারম্যান, ....., জেলাপরিষদ, (সকল)।
- ০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ....., জেলাপরিষদ, (সকল)।
- ০৮। .....
- ....., সদস্য/সংরক্ষিত আসনের সদস্য.....নং ওয়ার্ড/পদাধিকার
- সদস্য/কর্মকর্তা সদস্য, জেলাপরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৯। অফিস নথি।